

শিক্ষাপ্রতিষ্ঠানে শুরু হতে যাচ্ছে আকুপ্রেশারভিত্তিক প্রকল্প

রাজধানীর শিক্ষা প্রতিষ্ঠানগুলোতে শিক্ষার্থীদের সুস্থতা আনয়নে আকুপ্রেশার ভিত্তিক প্রকল্প শুরু করতে যাচ্ছে বঙ্গ স্বচিকিৎসা পরিবার। ভারত ও বাংলাদেশের যৌথ রাষ্ট্রীয় দাতা প্রতিষ্ঠান ভারত-বাংলাদেশ ফাউন্ডেশনের (আইবিএফ) অর্থায়নে এ প্রকল্পের আওতায় নির্ধারিত শিক্ষাপ্রতিষ্ঠানগুলোতে সেমিনার, ওয়ার্কশপ ও ট্রেনিং কার্যক্রম হাতে নেয়া হয়েছে। শুক্রবার ঢাকা রিপোর্টার্স ইউনিটি (ডিআরইউ) নিলনায়তনে অনুষ্ঠিত এক সংবাদ সম্মেলনে এ কথা জানানো হয়। আকুপ্রেশার ভিত্তিক সংগঠন বঙ্গ স্বচিকিৎসা পরিবারের চেয়ারম্যান ও বাংলাদেশে আকুপ্রেশার চিকিৎসার পথিকৃৎ সাগর সগীর সংবাদ সম্মেলনে মূল বক্তব্য পাঠ করেন। এই সময় আরও বক্তব্য রাখেন আইবিএফের প্রোগ্রাম অফিসার তানজিম আহমেদ রিজভী। সংবাদ বিজ্ঞপ্তি।